

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ‘কেমিক্যাল সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইটস ইম্পর্টেন্স ইন অ্যাকাডেমিয়া’ শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সেমিনার অন ‘কেমিক্যাল সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইটস ইম্পর্টেন্স ইন একাডেমিয়া’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১৪ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন্ নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, এ ধরনের একটি সেমিনার আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানাই। একই সঙ্গে এ সেমিনারকে কিভাবে আরও অংশগ্রহণমূলক করা যায় সে বিষয়টির প্রতি লক্ষ্য রাখতে হবে। আমি আজকের সেমিনারের সফলতা কামনা করছি। সবাইকে ধন্যবাদ।

প্রোগ্রাম মডারেটর ও আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে রিসোর্স পারসন ছিলেন বিসিআইসির সাবেক পরিচালক (টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং) এবং বাংলাদেশ কেমিক্যাল সোসাইটির সাবেক পরিচালক জনাব আবুল বাশার মিঞা।

উল্লেখ্য, উক্ত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা, ফার্মেসী, এপ্লায়েড কেমিস্ট্রি অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ওশানোগ্রাফি, ফিশারিজ অ্যান্ড মেরিন সায়েন্স, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি, রসায়ন, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪